

বোয়ালখালী সিরাজুল ইসলাম (ডিগ্রি) কলেজ



স্থাপিত: ১৯৭০ খ্রি:

পৌর সদর, বোয়ালখালী, চট্টগ্রাম

কোড নম্বর: জাবি-৪৩২৬, চশিবো-৩৬৭৫, বাকাশিবো-৭০০৩৬

ফোন: ০৩০৩২-৫৬০৬০, মোবাইল: ০১৬৮৯-২১৬৫৪৫ EIIN: 104155

website: www.bsicollege.edu.bd, E-mail: bsicollege@yahoo.com

সূত্র: বোসিইক:ছা:প্র:(০৭)/২০২১/২২/২৩২

তারিখ: ১১/১১/২০২১

বিষয়: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি।

স্নাতক (পাস) (বিএ/বিএসএস/বিবিএস) কোর্সের ১ম বর্ষে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এ কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ১৪ নভেম্বর ২০২১ তারিখ বিকাল ০৪ টা থেকে শুরু হয়ে ৩০ নভেম্বর ২০২১ তারিখ রাত ১২ টা পর্যন্ত অনলাইনে ভর্তির আবেদন সম্পন্ন করা যাবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১৫/১১/২০২১ হতে ০১/১২/২০২১ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাশ ২০ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হবে। এ ভর্তি কার্যক্রমে প্রার্থীদের এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদা ভাবে মেধা তালিকা প্রণয়ন করা হবে।

আবেদনের সাধারণ যোগ্যতা

১। (ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে সকল শাখায় ২০১৬/২০১৭/২০১৮ সালের এসএসসি/সমমান এবং ২০১৮/২০১৯/২০২০ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে। বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের এইচএসসি সমমানের কোর্স সমূহ থেকে শুধুমাত্র এইচএসসি ভোকেশনাল, এইচএসসি বিজনেস ম্যানেজমেন্ট, ডিপোমা ইন কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রম আবেদন করতে পারবে। তবে এসএসসি ও এইচএসসি পাশের ন্যূনতম জিপিএ ২.০০ প্রার্থীরা আবেদন করতে পারবে।

(খ) বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে শুধুমাত্র (i) এইচএসসি ভোকেশনাল (ii) এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) (iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ ১ এর ক নং শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।


(গ) ২০১৬/২০১৭/২০১৮ সালের ও লেভেল পরীক্ষায় ০৩ টি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৮/২০১৯/২০২০ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে তবে এ ধরনের প্রার্থীদের ভর্তি নির্দেশিকা অন্যান্য সকল শর্ত পূরণ করতে হবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিদ্যালয় বরবার সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (deanug@nubd.nfo) আবেদনপত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদনপত্রে প্রার্থীর ভর্তি ইচ্ছুক প্রতিষ্ঠানের নাম, প্রার্থিত কোর্সের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পার্সপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করতে হবে।

২। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদনের সময়সূচি

ক্রমিক	করণীয়	তারিখ
ক	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ	১৪/১১/২০২১ থেকে ৩০/১১/২০২১
খ	আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দেয়ার তারিখ	১৫/১১/২০২১ থেকে ০১/১২/২০২১
গ	কলেজ কর্তৃক অনলাইনে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ	১৫/১১/২০২১ থেকে ০২/১২/২০২১
ঘ	কলেজ কর্তৃক আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [আবেদনকারী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment info (Degree pass) অপশন থেকে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রসিদ সংগ্রহ করতে হবে।	০৫/১২/২০২১ থেকে ০৯/১২/২০২১


জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি সংক্রান্ত সকল নিয়মনীতি কলেজ নোটিশ বোর্ডে দেয়া আছে।

বি: দ্র: অনলাইন ভর্তির আবেদন কলেজ অফিস থেকেও সম্পন্ন করা যাবে।


(সমীর কান্তি দাস)
অধ্যক্ষ

বোয়ালখালী সিরাজুল ইসলাম (ডিগ্রি) কলেজ
বোয়ালখালী, চট্টগ্রাম


১১/১১/২০২১


১১/১১/২১